

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

বিষয়: ২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের কর ব্যতীত রাজস্ব (Non Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non NBR Revenue) বাজেট প্রাক্কলন সংক্রান্ত BMC সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: মোস্তাফিজুর রহমান পিএএ
সচিব, ভূমি মন্ত্রণালয়।
তারিখ : ২৫/০১/২০২২ খ্রিষ্টাব্দ।
সময়: : বেলা ১২.০০ ঘটিকা।
স্থান: : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট- 'ক' আকারে সংযুক্ত করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট ও অডিট) আলোচ্যসূচি অনুযায়ী মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/ বোর্ডসমূহের ২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব সংক্রান্ত বিষয়াদি সভায় উপস্থাপন করেন।

২০২২-২৩ অর্থবছরের বাজেট এর রাজস্ব প্রাপ্তিসীমা নিম্নরূপ:

(অংকসমূহ কোটি টাকায়)

ক্রমিক	বাজেট	প্রক্ষেপণ	
	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
০১	২৩৪২.৫৫	২৫৭৬.৮০	২৮৩৪.৪৮

রাজস্ব প্রাপ্তির বিভাজন:

(অংকসমূহ হাজার টাকায়)

ক্র:ক	দপ্তরের নাম	২০২১-২২ অর্থবছরের বাজেট	২০২২-২৩ অর্থ বছরের প্রাক্কলন	২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপণ	২০২৪-২৫ অর্থ বছরের প্রক্ষেপণ
০১	সচিবালয়	১০,০০,০০	১০,৩৪,৬০	১১,৩৮,০৬	১১,৩৮,০৬
০২	হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)	৬৬	৭২	৮০	৮৭
০৩	ভূমি আপীল বোর্ড	০	২০৭	২৫৮	৩০৯
০৪	ভূমি সংস্কার বোর্ড এর প্রধান কার্যালয়	৩৭৫,০০,০০	৪০০,০০,০০	৪১৭,০০,০০	৪১৭,০০,০০
০৫	জেলা কার্যালয়	১,১০,০০	১,১০,৭০	১,১১,৩৫	১,১১,৬০
০৬	উপজেলা কার্যালয়	২,১৫,০০	২,১৫,৩০	২,১৫,৬৫	২,১৫,৯০
০৭	মেট্রো থানা ভূমি অফিস	১০.০০	১০.১২	১০.২৪	১০.৩৬

০৮	সার্কেল ভূমি অফিস	৩,৫০	৩,৬২	৩,৭৪	৩,৮৬
০৯	ইউনিয়ন ভূমি অফিস	১৭১২,১৬,৩৪	১৮৯৮,৪৭,৩২	২১১২,৩৬,৯৮	২৩৬৯,৬৩,৬১
১০	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	৫০	৫৫	৬০	৬৫
১১	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	২৯,০৩,০০	৩০,৩০,০০	৩২,৬০,০০	৩৩,০০,০০
১২	ল্যান্ড কমিশন	০	০	০	০
	মোট রাজস্ব প্রাপ্তিসীমা	২১২৯,৫৯,০০	২৩৪২,৫৫,০০	২৫৭৬,৮০,০০	২৮৩৪,৪৮,০০

ভূমি মন্ত্রণালয়ের সচিবালয় (রাজস্ব) অংশ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার সিলিং অনুযায়ী রাজস্ব প্রাপ্তি ibas++ সিস্টেমে এন্ট্রি প্রদান করে এন্ট্রিকৃত কপি বাজেট ও অডিট অধিশাখায় জমা দেয়ার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ভূমি মন্ত্রণালয়ের সচিবালয় অংশ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের কর ব্যতীত রাজস্ব (Non Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non NBR Revenue) বাজেট প্রাক্কলন সংক্রান্ত BMC সভায় উত্থাপিত বিভাজন অনুমোদন করা হলো।

(খ) ভূমি মন্ত্রণালয়ের সচিবালয় (রাজস্ব) অংশ এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার সিলিং অনুযায়ী রাজস্ব প্রাপ্তি ibas++ সিস্টেমে এন্ট্রি প্রদান করে এন্ট্রিকৃত কপি আবশ্যিকভাবে আগামী ২৭/০১/২০২২ তারিখ সকাল ১০.০০ টার মধ্যে বাজেট ও অডিট অধিশাখায় প্রেরণ করতে হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মো: মোস্তাফিজুর রহমান পিএএ

সচিব

ভূমি মন্ত্রণালয়

ও

সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি।

